

## এপিএ টিম এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অগ্রগতি পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণীঃ

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা

সভার তারিখ: ২৬/১১/২০২০ খ্রি.

সময়: সকাল: ১০:০০ টা

টিম লিডার: জনাব মো: ইমরান হোসেন চৌধুরী

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

আলোচ্য বিষয়ঃ

১। এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জন ও মাঠ পর্যায়ে কার্যক্রমসমূহের সঠিক বাস্তবায়ন

২। এপিএ প্রতিবেদন সঠিকভাবে তৈরী।

৩। বিবিধ

অদ্যকার সভায় সভাপতি/টিম লিডার মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই টিম লিডার মহোদয় এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: আব্দুল লতিফ কে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য আহবান করেন। টিম লিডার মহোদয়ের নির্দেশনা মোতাবেক ফোকাল পয়েন্ট কর্মকর্তা গত ০৪/১০/২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। এরপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিষয়ভিত্তিক আলোচনা শুরু করেন।

আলোচ্য বিষয়-১: এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জন

ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে অর্থবছরের লক্ষ্যমাত্রাসমূহ সহজে ও সম্পূর্ণরূপে অর্জনের জন্য মাসভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্ব দেয়া প্রয়োজন। তিনি বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে চলতি নভেম্বর/২০২০খ্রি: মাসের কার্যক্রমের অর্জনসমূহ সভায় উপস্থাপন করেন। এবং আগামী ডিসেম্বর/২০ মাসের সম্ভাব্য লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন।

ক্র. নং	কার্যক্রম	বছরের লক্ষ্যমাত্রা	চলতি নভেম্বর/২০ মাসের অর্জন	ক্রমপূঞ্জিত অর্জন	মন্তব্য
১	প্রদর্শনী খামার স্থাপন (হেক্টর)	২.০	০	০	
২	মৎস্য আবাসস্থল উন্নয়ন (হেক্টর)	২.৫০	০	০	
৩	বিল নার্সারী স্থাপন (হেক্টর)	০.৫০	০	০	
৪	উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ (মে.টন)	০.৪০	০	০.৪০	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
৫	মৎস্যচাষী, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও খামার পরিদর্শন (জন)	৩৪০	৩১	১৫৭	
৬	হ্যাচারী নিবন্ধন ও নবায়ন (টি)	১	১	১	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
৭	মৎস্য খাদ্যমান পরীক্ষা (টি)	২	০	২	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
৮	মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা ও ব্যবস্থাপনা (টি)	১	০	০	
৯	মৎস্য সম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন (টি)	২৫	১	১৬	
১০	জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ (টি)	০	০	০	
১১	বছরব্যাপী বিশেষ মৎস্য সেবা প্রদান (জন)	১২	১	৬	
১২	মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় জড়িত সুফলভোগী সম্পৃক্তকরণ (জন)	৫০০	০	০	
১৩	মৎস্যচাষী/মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান (জন)	৬১০	০	৪০	
১৪	রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান (জন)	১৩	১	৫	

**সিদ্ধান্ত -১:**

হ্যাচারী নিবন্ধন ও নবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা সম্পূর্ণ অর্জিত হওয়ায় প্রথমে উপস্থিত সকলকে ধন্যবাদ জানানো হয়। অন্যান্য কার্যক্রমগুলোর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মাঠ পর্যায়ে কাজের গতি বাড়ানোসহ মাঠ পরিদর্শন বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বছরব্যাপী বিশেষ সেবার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এ মাস থেকে মাসে অন্তত ২ টি প্রোগ্রাম করার বিষয়ে উপস্থিত সকলেই সম্মত হন। এছাড়া কিছু কিছু কার্যক্রম বরাদ্দ প্রাপ্তির উপর নির্ভরশীল হওয়ায় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সেগুলো অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-২: এপিএ প্রতিবেদন সঠিকভাবে তৈরী।**

ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, প্রতি মাসেই এপিএর মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাঠাতে হয় এবং অর্জনকৃত কার্যক্রমগুলো সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করতে হয়। এপিএর মাসিক প্রতিবেদন নির্ভুলভাবে তৈরীর বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -২:**

এপিএ এর মাসিক প্রতিবেদনটি নির্ভুলভাবে তৈরী করে যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অর্জনকৃত কার্যক্রমগুলো সংশ্লিষ্ট রেজিস্টারে সময়মতো লিপিবদ্ধ করার বিষয়ে সকলে সম্মত হন। উপরোক্ত কার্যক্রম সমূহ বাস্তবায়নের বিষয়ে তৎপর থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

**আলোচ্য বিষয়-৩: বিবিধ**

সভায় আর কোন আলোচনা না থাকায় টিম লিডার মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

টিম লিডার (এপিএ কমিটি)



মো: ইমরান হোসেন চৌধুরী  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং- ৩৩.০২.৩২৩০.৫০১.৫৮.০০৭.২০.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা।

২। অফিস নথি।

তারিখ- ২৬/১১/২০২০খ্রি.



মোঃ ইমরান হোসেন চৌধুরী  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

ফোন-০৫৪২৩-৭৫০৬৪

ই-মেইল sufogobindaganj@fisheries.gov.bd

এপিএ টিম এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অগ্রগতি পর্যালোচনা বিষয়ক সভায় উপস্থিতির স্বাক্ষর-

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

সভার তারিখ: ২৬/১১/২০২০ খ্রি.

সময়: সকাল: ১০:০০ টা

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোঃ রাশেদুল ইসলাম সম্প্রসারণ কর্মকর্তা এনএটিপি-২	সদস্য	স্বাক্ষরিত
০২	মোঃ রোকনুজ্জামান ক্ষেত্র সহকারী, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প	সদস্য	স্বাক্ষরিত
০৩	মোঃ আব্দুল লতিফ ক্ষেত্র সহকারী	ফোকাল পয়েন্ট	স্বাক্ষরিত